



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**24 JULY 2024**

**7:35—7:40 AM IST**

দেশের দুষ্ট মহিলা, যুব প্রজন্ম এবং কৃষক উন্নয়নের বিষয়গুলি এবারের বাজেটে গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল লোকসভায় ২০২৪-২৫ অর্থ বছরের সাধারণ বাজেট পেশ করে কৃষি, সুস্থল, ক্ষুদ্র এবং মাঝারী শিল্প, নির্মান এবং পরিকাঠামো ক্ষেত্রের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা ঘোষণা করেছেন।

চলতি অর্থ বছরের সাধারণ বাজেটে সবার জন্য সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ৯টি অগ্রাধিকারের কথা উল্লেখ করা হয়েছে। এই অগ্রাধিকারের ক্ষেত্রগুলি হচ্ছে উৎপাদনশীলতা এবং কৃষিক্ষেত্রে স্থিতিশীলতা, কর্মসংস্থান ও দক্ষতা বিকাশ, সর্বাত্মক মানব সম্পদ উন্নয়ন ও সামাজিক ন্যায়, নির্মান এবং সেবা, নগর উন্নয়ন, শক্তি সুরক্ষা, পরিকাঠামো, উদ্ভাবন, গবেষণা ও উন্নয়ন এবং পরবর্তী প্রজন্মের সংস্কার সাধন।

বাজেট পেশ করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীমতি সীতারমন বলেন যে প্রধানমন্ত্রী শহরাঞ্চল আবাস যোজনার দ্বিতীয় পর্যায়ের অধীনে ১ কোটি দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর পরিবারকে বাসগৃহ নির্মান করে দেওয়া হবে।

অর্থমন্ত্রী ক্যান্সার রোগীদের রেহাই প্রদানের উদ্দেশ্যে আরো ৩ ধরণের ঔষধকে সীমা শুল্কের আওতার বাহরে রাখার কথা ঘোষণা করেন। ব্যক্তিগত আয়করের ক্ষেত্রে অর্থমন্ত্রী জানান যে ৩ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের ক্ষেত্রে কোন কর প্রযোজ্য হবে না। বার্ষিক ৩ থেকে ৭ লক্ষ টাকা পর্যন্ত আয়কর ৫ শতাংশ, ৭ থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত ১০ শতাংশ, ১০ থেকে ১২ লক্ষ টাকা পর্যন্ত ১৫ শতাংশ, ১২ থেকে ১৫ লক্ষ টাকা পর্যন্ত ২০ শতাংশ এবং ১৫ লক্ষ টাকার ওপরের আয়ের ক্ষেত্রে ৩০ শতাংশ কর হবে।

বাজেটে আসাম সহ অন্যান্য কয়েকটি রাজ্যের বন্যা প্রতিরোধের জন্য আর্থিক অনুদান প্রদানের প্রস্তাবও দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী বলেন যে আসামে ব্ৰহ্মপুত্ৰ নদ ছাড়াও অন্যান্য উপনদী গুলি থেকে সৃষ্টি হওয়া বন্যা প্রতিরোধের জন্য প্ৰয়োজনীয় প্ৰকল্প গ্ৰহণ কৰে আসামকে সাহায্য কৰা হবে।

---

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী কেন্দ্ৰীয় বাজেটে সৰ্বাত্মক বিকাশ ও সমাজের বিভিন্ন স্তৱেৰ লোকদেৱেৰ উপকৃত কৰে বিকশিত ভাৱতেৰ ভিত নিৰ্মাণেৰ বিষয়টি নিশ্চিত কৰবে বলে মন্তব্য কৰেছেন। প্ৰধানমন্ত্ৰী বলেন যে- এবাৰেৰ বাজেট নতুন সুযোগ, শক্তি, কৰ্মসংস্থান এবং স্বাবলম্বনেৰ পথ প্ৰশংস্ত কৰবে।

এদিকে বিৱোধী দল কংগ্ৰেস এবাৰেৰ বাজেটকে নিৰাশাজনক বলে সমালোচনা কৰে এই বাজেটে মুদ্ৰাস্ফীতি ও বেকাৰ সমস্যা সমাধান কৰাৰ কোনোধৰণেৰ পদক্ষেপেৰ কথা উল্লেখ কৰা হয় নি বলে অভিযোগ কৰেছে।

---

লোকসভায় কংগ্ৰেসেৰ উপ-দলপতি গৌৱৰ গঁগৈ বাজেটেৰ সমালোচনা কৰে জানান যে এবাৰেৰ বাজেটে সৱকাৱেৰ দুৰ্বলতা প্ৰতিফলিত হয়েছে। বাজেটে কৃষক, মধ্যবিত্ত এবং বেকাৰ সমস্যা সমাধানে কোন পদক্ষেপ নেই বলে শ্ৰী গঁগৈ অভিযোগ কৰেন।

---

ৱাজেটৰ শিক্ষামন্ত্ৰী ডাঃ রংগোজ পেগু কাছাড় ও হাইলাকান্দি জেলার দু দিনেৰ সফৰ সূচী নিয়ে আজ শিলচৰ আসছেন। মন্ত্ৰী ডষ্টৰ পেগু আজ দুপুৱে শিলচৰ বিমানবন্দৰ পৌছে বেলা সাড়ে তিনিটে নাগাদ শিলচৰে জেলা আয়ুক্তেৰ কাৰ্যালয়েৰ সভাকক্ষে কাছাড়, কৱিমণ্ড় ও হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগেৰ আধিকাৰিকদেৱ সঙ্গে একটি পৰ্যালোচনা বৈঠকে মিলিত হবেন। মন্ত্ৰী ডাঃ পেগু বিকেলে স্থানীয় সংস্থা-সংগঠন ও বিধায়কদেৱ সঙ্গে মত বিনিময় কৰবেন।

মন্ত্ৰী ডাঃ পেগু আগামীকাল সকাল সাড়ে দশটায় হাইলাকান্দিৰ রবীন্দ্ৰ ভবনে সারা আসাম প্ৰাথমিক শিক্ষক সম্মিলনীৰ ৪৪তম দ্বি-বাৰ্ষিক সম্মেলনে যোগ দিবেন। পৱে তিনি শিলচৰ হয়ে বিমানযোগে গুয়াহাটী ফিৰে যাবেন।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১৫ই অগাষ্ট যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস পালনের জন্য গতকাল জেলা আয়ুক্তের কার্য্যালয়ের সভাকক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা আয়ুক্ত নির্মাণ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে। সভায় স্বাধীনতা দিবসের দিন সকালে দেশাবোধক সঙ্গীতের প্রচার , সরকারী ও বেসরকারী কার্য্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন , সাংস্কৃতিক কার্য্যসূচী ও শোভাযাত্রার আয়োজন করা হবে। এছাড়া শহরে আলোকসজ্জা ও স্বচ্ছতা অভিযানের উপর জোর দেওয়া হবে। গতকালের সভায় শহরের ফুটপাত দখল মুক্ত অভিযান শুরু করার সিদ্ধান্ত হয়েছে।

---

হাইলাকান্দি জেলার সরবরাহ বিভাগের দায়িত্বে থাকা অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- যাদের ই-শ্রম কার্ডে নাম অর্তভুক্ত রয়েছে, কিন্তু রেশন কার্ড নেই, তারা রেশন কার্ডের জন্যে আগামী দশই আগস্টের মধ্যে নিজ নিজ সমবায় সমিতিতে রেশন কার্ডের জন্য আবেদন করতে পারবেন। সঙ্গে তাদের ই-শ্রম কার্ডের প্রতিলিপি সহ খাদ্যসুরক্ষা কার্ডের কপি জমা দিতে বলা হয়েছে। উল্লেখ্য- ২০২১ সালের আগস্ট মাস থেকে ২০২৩ সালের আগস্ট মাসের মধ্যের ই-শ্রম কার্ড যাদের রয়েছে, কেবল তারাই আবেদনের ঘোগ্য বলে বিবেচিত হবেন।

---

---